

দ্বিজেন্দ্রলাল রায়

নিমন্ত্রণ

কল্য রবিবার রাতে ; সাড়ে সাতটায়
১ ব্যাঙ্কশালা স্ট্রীটে, ভারতীয় 'ক্লাব' ;
'ডিনার' ; - ব্যাপার সব পূর্বে প্রায় ;
ইচ্ছা গোলযোগ করা মাত্র মিলে সবে ।
কদিনেরই বা জীবন ! তাও অনিশ্চিত ।-
ঠিক নেই চলে যায় কোথায় কে কবে !
আমোদটা যে এ ঘোর অর্থশূন্য ভবে
যত করে নিতে পারে তত তার জিত ।
কেহ নৃত্যগীতবাদ্যে ; কেহ বন্ধু সহ
নম্র 'ডিনারের' মৃদুতর কলরবে ।
আমার শেষোক্ত । - তবে করে অনুগ্রহ
আমাদের এই অতি সাধু মতলবে
রবিবার - আপনার যোগ দিতে হবে ।